

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd


নম্বর: ৫৯.১১.০০০০.১৫২.১১.০০৮.২১-৩৮১

তারিখ: ০৯ মাঘ ১৪২৯
২৩ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ২৬ ক্যাটাগরি পদে ২১.০১.২০২৩ তারিখে ঢাকা মহানগরীর ৩০টি শিক্ষাপ্রতিষ্ঠানে এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হয়। উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীদের প্রবেশপত্রে ৯ ডিজিটের রোল নম্বর প্রদান করা হয় কিন্তু কারিগরি ত্রুটির কারণে ওএমআর শিটে রোল নম্বর লেখার জন্য ৮ ঘর রাখা হয়। পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্বে বিষয়টি কর্তৃপক্ষের নজরে আসে। তাৎক্ষণিকভাবে পরীক্ষা সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিব ও কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে প্রার্থীদের প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বরের প্রথম ২ ডিজিটের পরের ১টি শূন্য বাদ দিয়ে ৮ ডিজিটের রোল নম্বর ওএমআর উত্তরপত্রে লেখার নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী সংশ্লিষ্ট সকল পরীক্ষার্থী ওএমআর উত্তরপত্রে রোল নম্বরের জন্য নির্ধারিত জায়গায় ৮ ডিজিটের ঘর পূরণ করেন। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে পরবর্তী সকল কার্যক্রমে প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বরের প্রথম ২ ডিজিটের পরে ১টি শূন্য বাদ দিয়ে ৮ ডিজিটের রোল নম্বর বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

উদাহরণ: একজন পরীক্ষার্থীর প্রবেশপত্রে উল্লিখিত রোল ৪৫০০৫৪৩২১ হলে তাঁর পুনঃনির্ধারিত রোল নম্বর হবে ৪৫০৫৪৩২১।



খান মোঃ রেজাউল করিম
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন) এবং
সভাপতি

বিভাগীয় নির্বাচন কমিটি
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

২৬.১.২৩